গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
নাটোর।
fisheries.natore.gov.bd

## সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ২য় সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মো: আবুল কালাম আজাদ<br>জেলা মৎস্য কর্মকর্তা |
| সভার তারিখ | : ২৭/১২/২০২২ খ্রি. |
| সভার সময় | : সময় বিকাল ১৪:০০ ঘটিকা |
| স্থান | : জেলা মৎস্য কর্মকর্তার অফিস কক্ষ |
| উপস্থিতি | : সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক”-তে সংযুক্ত করা হলো। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতপরঃ সভাপতির অনুমতিক্রমে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নাটোর সদর এর সঞ্চালনায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে নিয়মিত সভা করার মাধ্যমে সেবা প্রদানে অন্তরায় দূর করা, সেবার মানোন্নয়ন ও অংশীজনদের সাথে সুসম্পর্ক তৈরি | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত দপ্তরে আগত নানা ধরণের সুফলভোগী ও অন্যান্য অংশীজনদের (stakeholders) অংশগ্রহণে সভা করে তাদের প্রতিভাব যাচাই করার বিষয়টি আলোচনা করা হয়। অংশগ্রহণকারী কর্মকর্তাগণ জানান, এ ত্রৈমাসিকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা সম্পন্ন করা হয়েছে। ভবিষ্যতেও প্রতি ত্রৈমাসিকে একটি করে সভা করার বিষয় আলোচনা হয়। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে প্রতি ত্রৈমাসিকে একটি করে সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্যকর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)। |
| ২. | সিটিজেন চার্টার হালনাগাদকরণ | প্রতি ত্রৈমাসিকে নিয়মিত সিটিজেন চার্টার হালনাগাদ করণ, দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শনের জন্য টাঙিয়ে রাখা এবং ওয়েব পোর্টালে ও হালনাগাদকৃত সিটিজেন চার্টার প্রকাশ করার বিষয় গুরুত্বের সাথে আলোচনা হয়। | প্রতি ত্রৈমাসিকে নিয়মিত সিটিজেন চার্টার হালনাগাদ করণ, দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শনের জন্য টাঙিয়ে রাখা এবং ওয়েব পোর্টালে ও হালনাগাদ কৃত সিটিজেন চার্টার প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)। |
| ৩. | সেবা সহজীকরণ | সেবা সহজীকরণ তথা জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে তথ্য প্রযুক্তি ব্যবহারে ভ্রাম্যমান প্রশিক্ষণ, ই-পরামর্শ সেবা বা ই-তথ্য সেবা চালু করা, স্ব স্ব ওয়েব পোর্টালে বিভিন্ন মৎস্য প্রযুক্তি ও সেবা সংক্রান্ত তথ্য প্রকাশ করা এবং সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে দ্রুত সেবা প্রদান করার বিষয়ে আলোচনা হয়। | দ্রুত জনগণের হাতের মুঠোয় সেবা পৌঁছানো তথা সেবা সহজীকরণের লক্ষ্যে যে কোন অর্জন যোগ্য উদ্ভাবনী উদ্যোগ গ্রহণকরার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তা নিয়োগ এবং এ সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে আলোচনা হয়। অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮) অনুযায়ী অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগ যথাসময়ে নিষ্পত্তি করার এবং নির্দেশিকা অনুযায়ী নির্ধারিত ফরম্যাটে নিষ্পত্তি প্রতিবেদন পরবর্তী মাসের প্রথম ০৭ দিনের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তা নিয়োগ এবং এ সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগ যথা সময়ে নিষ্পত্তি করার এবং নির্ধারিত ফরম্যাটে নিষ্পত্তি প্রতিবেদন পরবর্তী মাসের প্রথম ০৭ দিনের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)। |
| ৫. | তথ্য অধিকার আইন ২০০৯ অনুসরণে অনলাইনে তথ্য প্রদান এবং স্ব স্ব ওয়েবপোর্টালে উপজেলার মৎস্য বিষয়ক বিভিন্ন তথ্য প্রকাশ | তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিত করণের নিমিত্ত সরকার তথ্য অধিকার আইন ২০০৯ প্রণয়ণ করেছে। এ আইনের ৬ ধারা মোতাবেক, প্রত্যেক কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্ত, কার্যক্রম কিংবা সম্পাদিত বা প্রস্তাবিত কর্মকান্ডের সকল তথ্য নাগরিকগণের নিকট সহজলভ্য হয়, এভাবে সূচি বদ্ধ করে প্রকাশ ও প্রচারের বাধ্যবাধকতা রয়েছে। তথ্য সরবরাহের এই উদ্যোগ কে ফলপ্রসূ করতে “বদলে গেছে দিন, অনলাইনে তথ্য নিন”- বর্তমান সরকারের একটি যুগান্তকারী উদ্যোগ। তৎপ্রক্ষিতে প্রতিটি অফিসের সরকারি ওয়েব পোর্টাল রয়েছে। এমতাবস্থায়, উপজেলা মৎস্য অফিসগুলির ওয়েব পোর্টালে অনলাইনে মৎস্য চাষি, মৎস্যজীবি ও অন্যান্য স্টেক হোল্ডারদের জন্য তথ্য প্রাপ্তির সুযোগ নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা হয়। | স্ব স্ব ওয়েব পোর্টালে উপজেলার মৎস্য বিষয়ক বিভিন্ন তথ্য প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল |
| ৬. | তথ্য প্রাপ্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তি ও ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে প্রতিটি অফিসের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাকে নাগরিকগণের আবেদনের ভিত্তিতে যথাসময়ের মধ্যে তথ্য প্রদান করার বিষয়ে আলোচনা হয়। তথ্য অধিকার আইন ২০০৯ অনুসারে২০ কার্যদিবস বা অন্য ইউনিট তথ্য প্রদানের সাথে যুক্ত থাকলে ৩০ কার্যদিবসের মধ্যে বা তথ্য প্রদানে অপারগ হলে ১০ কার্যদিবসে যথাযথ নিয়মে জানিয়ে দেওয়ার বাধ্যবাধকতার বিষয়টি আলোচনা করা হয়। তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধান অনুযায়ী নিষ্পত্তিকৃত আবেদনের তথ্য সম্বলিত প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে উর্ধ্বতন কার্যালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | তথ্য অধিকার আইন ২০০৯ এর বিধি বিধান প্রতি পালন সাপেক্ষে নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি করা এবং উর্ধ্বতন কার্যালয়ে ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল |

সভার এজেন্ডা অনুযায়ী আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা

স্মারক নম্বর: ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০১.২১.৫৩১

তারিখ: ১২ পৌষ ১৪২৯
২৭ ডিসেম্বর ২০২২

অনুলিপি বিতরণ: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১) উপপরিচালক (প্রশাসন),মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

২) উপপরিচালক (ফিল্ড সার্ভিস), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

৩) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।

৪) সিনিয়র সহকারি পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর

৫) সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য অফিসার (সকল), নাটোর।

৬) খামার ব্যবস্থাপক (সকল), মৎস্য বীজ উৎপাদন খামার, নাটোর।

৭) মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা (সকল), নাটোর।

৮) জনাব.....................................................................................।

৯) সংশ্লিষ্ট নথি।

মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা